



স্মারক নং-২৭.১২.৫৯৫৬.৫৬০.০২.০২১.২৪.১৬৬৯

তারিখ- ০৬/০২/২০২৪ খ্রিঃ

বিষয়ঃ রিটেইনার ডাক্তার (চুক্তিভিত্তিক) পদে নিয়োগ বিজ্ঞপ্তি।

মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতির মুন্সীগঞ্জ জোনাল অফিসের জন্য রিটেইনার ডাক্তার (চুক্তিভিত্তিক) নিয়োগের নিমিত্ত নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে :

শর্তাবলী

- ০১॥ প্রার্থীকে সরকারী মেডিকেল কলেজ/বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত মেডিকেল কলেজ হতে এমবিবিএস পাশ হতে হবে।
- ০২॥ আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।
- ০৩॥ পবিস এর আওতাভুক্ত উপজেলা/এলাকায় সরকারী ডাক্তার হিসেবে/অন্য কোন প্রতিষ্ঠানে স্বাস্থ্য সেবা প্রদানে নিয়োজিত ডাক্তারগণই কেবল রিটেইনার ডাক্তার পদের জন্য বিবেচনা করা হবে।
- ০৪॥ আলোচ্য পদে ০৩ (তিন) বছরের জন্য চুক্তিভিত্তিক নিয়োগ করা হবে।
- ০৫॥ বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক অনুমোদিত ৮০০০.০০ (আট হাজার) টাকা হারে মাসিক রিটেইনার ফি প্রদান করা হবে।
- ০৬॥ একজন রিটেইনার ডাক্তার একাধিক পল্লী বিদ্যুৎ সমিতিতে রিটেইনার ডাক্তার হিসেবে থাকতে পারবেন না।
- ০৭॥ নিয়োগ/চুক্তি বাতিল করতে হলে উভয় পক্ষকে কমপক্ষে ৩০ (ত্রিশ) দিনের পূর্ব নোটিশ প্রদান করতে হবে।
- ০৮॥ ০৩ (তিন) বছরের চুক্তিকাল উত্তীর্ণ হওয়ার ০১ (এক) মাস পূর্বে নতুন করে আবেদনপত্র আহবান করা হবে এবং সেই সময় যিনি উক্ত পদে অধিষ্ঠিত থাকবেন, তিনিও পুনরায় আবেদন করতে পারবেন। অথবা উভয় পক্ষের সম্মতিক্রমে কর্তৃপক্ষ চুক্তি নবায়ন করতে পারবেন।
- ০৯॥ সপ্তাহে ০২ (দুই) দিন অফিস চলাকালীন সময়ে অন্ততঃ ০১ (এক) ঘন্টা অফিসে উপস্থিত থেকে সেবা প্রদান করতে হবে। অফিসে উপস্থিত থাকার জন্য কোন প্রকার টিএ/ডিএ দেওয়া হবে না।
- ১০॥ ব্যক্তিগত চেম্বারে পবিস এর যে কোন কর্মকর্তা/কর্মচারী উল্লেখিত নির্দিষ্ট ০২ (দুই) দিন ব্যতীত সপ্তাহের অন্যান্য দিন চিকিৎসার জন্য যেতে পারবেন। এজন্য কোন পৃথক ফি দেওয়া হবে না।
- ১১॥ দুর্ঘটনা বা যে কোন জরুরী প্রয়োজনে পবিস এর ভৌগোলিক এলাকাছ যে কোন স্থানে যে কোন সময়ে যেতে হবে (এক্ষেত্রে যাতায়াত ভাতা/ফি দেওয়া হবে)।
- ১২॥ আবেদনপত্রের প্রয়োজনীয় তথ্যাদিঃ-
আবেদনকারী আবেদনপত্রে নিজ নাম (স্পষ্টাক্ষরে), পিতার নাম, মাতার নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, অন্যান্য শিক্ষাগত যোগ্যতার/অভিজ্ঞতার সনদের ফটোকপি, সাম্প্রতিক তোলা তিন কপি পাসপোর্ট সাইজের ছবি, ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্বের সনদপত্রসহ সকল সনদপত্রের ফটোকপিসমূহ অবশ্যই প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে।
উপরোক্ত পদে নিয়োগ পেতে ইচ্ছুক আগ্রহী প্রার্থীগণ কর্তৃক সাদা কাগজে লিখিত দরখাস্ত আগামী ১৫/০২/২০২৪ খ্রিঃ তারিখের মধ্যে অবশ্যই নিম্নস্বাক্ষরকারীর বরাবর পৌঁছাতে হবে।

H. H. H.
06/02/24
(মোঃ হাদিউজ্জামান)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ (সদয় অবগতির জন্য)

- ০১। জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ।
- ০২। পুলিশ সুপার, মুন্সীগঞ্জ।
- ০৩। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।
- ০৪। পরিচালক, পবিস মানব সম্পদ পরিদপ্তর/পবিস মনিটরিং ও ব্যাঃ পঃ (কেঃঅঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
- ০৫। সিভিল সার্জন, মুন্সীগঞ্জ।
- ০৬। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার.....১/২/৩/৪।
- ০৭। আবাসিক মেডিকেল অফিসার, মুন্সীগঞ্জ সদর হাসপাতাল, মুন্সীগঞ্জ।
- ০৮। ডিজিএম, সদর-কারিগরি/টংগিবাড়ী/সিরাজদিখান/লৌহজং/মুন্সীগঞ্জ/শ্রীনগর জোনাল অফিস, মুন্সীগঞ্জ পবিস।
- ০৯। এজিএম (ওএন্ডএম), ভাগ্যকুল/নিমতলা/চরদুপুরিয়া/ডিক্রীরচর/নওপাড়া সাব-জোনাল অফিস, মুন্সীগঞ্জ পবিস।
- ১০। এজিএম (প্রশাসন/অর্থ-হিসাব), মুন্সীগঞ্জ পবিস।
- ১১। এজিএম (আইটি-ওএন্ডজি), মুন্সীগঞ্জ পবিস। (বিজ্ঞপ্তিট ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা নিন- প্রয়োজনীয় দলিলাদিসহ)।
- ১২। নোটিশ বোর্ড/ওয়েব সাইট (www.pbs.munshiganj.gov.bd), মুন্সীগঞ্জ পবিস।

H. H. H.
06/02/24
(মোঃ আনোয়ার হোসেন)
এজিএম (এইচ আর)